এক দিনে ডিএমপির অভিযানে গ্রেপ্তার ৪৭৮



ছবি: সংগৃহীত

রাজধানীতে গত ২৪ ঘণ্টায় পুলিশের অভিযানে ৪৭৮ জনকে গ্রেপ্তার করেছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। এ ঘটনায় বিভিন্ন অভিযোগে ৬২টি মামলা হয়েছে।

শনিবার (১৪ নভেম্বর) ডিএমপির সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। শুক্রবার রাজধানীর বিভিন্ন থানা এলাকায় পরিচালিত অভিযানে গ্রেপ্তারের পাশাপাশি মাদকদ্রব্য, বিস্ফোরকের অংশবিশেষসহ বিভিন্ন সামগ্রী উদ্ধার করা হয়।

বিভাগভিত্তিক গ্রেপ্তারদের মধ্যে মিরপুরে ১২৭, ওয়ারীতে ৭৪, তেজগাঁওয়ে ৭১, লালবাগে ৫৮, উত্তরা ৫১, মতিঝিলে ৩৯, রমনায় ২৯ ও গুলশানে ২৩ জন রয়েছেন। এ ছাড়া এসআরইউ ও গোয়েন্দা বিভাগ মিলে পাঁচজনকে গ্রেপ্তার করেছে।

অভিযানে ১৪ কেজি ৪৫ গ্রাম গাঁজা, ১ হাজার ৬৩৩ পিস ইয়াবা ও ২ দশমিক ৫ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়। এ ছাড়া পাঁচটি মোবাইল ফোন, তিন পাতা স্ক্রিনশট, ১৭টি বাইসাইকেল, মাদক বিক্রির ৪৭ হাজার ৯০ টাকা, দুটি বিস্ফোরিত স্মোক বোমার খোসা এবং আটটি বিস্ফোরিত ককটেলের অংশবিশেষ জব্দ করা হয়েছে।